

উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা এর পরিবেশ ও বন কমিটির অক্টোবর ২০২১ মাসের সভার কার্যবিবরণীঃ


**সভাপতিঃ আফরোজা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা
স্থানঃ মহিলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ
তারিখঃ ১৬.১০.২০২১ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা ।**

সভায় উপস্থিত বৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি মহোদয় উপস্থিত সম্মানিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। তিনি সভা পরিচালনার জন্য সদস্য সচিব, উপজেলা বন কর্মকর্তা জনাব মোঃ মঞ্জুলুল হাসানকে অনুরোধ জানান। উপজেলা বন কর্মকর্তা সকলকে ধন্যবাদ জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠকরে শুনান এবং কোন সংশোধনি না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর তিনি সভার আলোচ্যসূচী অনুসারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সকলকে অনুরোধ জানান। অদ্যকার সভায় নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত হয়।

নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	(২) গাছ লাগানো	উপজেলা বনকর্মকর্তা সভায় বলেন যে, কলমাকান্দা উপজেলাটি পাহাড় বেষ্টিত হাওর-বাওরের এলাকা। অত্র উপজেলা প্রচুর পরিমাণে বনায়নের সুযোগ থাকলেও সে পরিমাণ বনায়ন নেই। তাই উপজেলার প্রতিটি ইউনিয়নে প্রচুর গাছ লাগানোর জন্য ইউপি চেয়ারম্যান মহোদয়গণকে অনুরোধ জানান। চেয়ারম্যান, খারনৈ ইউপি বলেন যে, কলমাকান্দা পাহাড়ী এলাকা তাই এ এলাকায় গাছ লাগিয়ে সবুজ বেটনী তৈরী করা যায়।	বিস্তারিত আলোচনান্তে পরিবেশ রক্ষায় পাহাড়ী এলাকাসহ প্রত্যেককে ইউনিয়নে প্রচুর গাছের চারা রূপন করতে হবে।	সংশ্লিষ্ট সকল
০২	গাছের পরিচর্চা।	সভাপতি বলেন যে, শুধু গাছ লাগালেই হবে না, রোপনকৃত গাছের চারার রক্ষণা-বেক্ষণ করার প্রতি তিনি জিনি জোর দেন। গাছের চারা লাগানোর পর গরু-ছাগলের হাত হতে গাছকে রক্ষা করার জন্য বেড়া দিতে বলেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে প্রতিটি ইউনিয়নে প্রচুর পরিমাণে গাছ লাগাতে হবে। তাছাড়া প্রত্যেক একটি করে গাছ লাগানো সিদ্ধান্ত হয়।	সংশ্লিষ্ট সকল

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।


(আফরোজা বেগম)
ভাইস চেয়ারম্যান(মহিলা)
উপজেলা পরিষদ
কলমাকান্দা, নেত্রকোণা

স্মারক নং- ২৪/২০২১


সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কলমাকান্দা, নেত্রকোণা।

২। উপজেলা নির্বাহী অফিসার, কলমাকান্দা, নেত্রকোণা।

৩। অফিস কপি।

তারিখঃ ১৬.১০.২০২১।


১৬/১০/২১
(মোঃ মঞ্জুলুল হাসান)
উপজেলা বন কর্মকর্তা
কলমাকান্দা, নেত্রকোণা